

এসএসসি ও সমমান পরীক্ষার পুনঃনিরীক্ষণের ফল প্রকাশ

অনলাইন ডেক্স



চলতি বছরের এসএসসি ও সমমানের পরীক্ষার পুনঃনিরীক্ষণের ফল প্রকাশ করা হয়েছে। রবিবার (১০ আগস্ট) সকাল ১০টায় ৯টি সাধারণ শিক্ষা বোর্ড, মাদ্রাসা ও কারিগরি শিক্ষাবোর্ডের ওয়েবসাইটে এই ফল প্রকাশ করা হয়। পরীক্ষার্থীরা মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড ঢাকার ওয়েবসাইট থেকে ফলাফল জানতে পারবেন।

পড়ুন



খানাখন্দে ভরা ধুনট-গোসাইবাড়ি সড়ক যেন মারণফাঁদ

আন্তঃশিক্ষা বোর্ড সমন্বয় কমিটির সভাপতি এবং ঢাকা শিক্ষা বোর্ডের চেয়ারম্যান প্রফেসর ড. খন্দোকার এহসানুল কবিরের সহ করা এক বিজ্ঞপ্তিতে বিষয়টি নিশ্চিত করা হয়েছে।

যেভাবে জানা যাবে ফল

মোবাইল ফোনের মেসেজ অপশনে SSC লিখে স্পেস দিয়ে

ইংরেজিতে বোর্ডের প্রথম তিন অক্ষর লিখতে হবে, স্পেস দিয়ে

রোল নম্বর দিতে হবে। এরপর স্পেস দিয়ে পরীক্ষার বছর লিখে

16222 নম্বরে পাঠাতে হবে বার্তা। (উদাহরণ-SSC DHA

ROLL YEAR)। ফিরতি মেসেজে ফলাফল জানিয়ে দেওয়া

হবে।


এদিকে মাদরাসা বোর্ডের পরীক্ষার্থীদের ফলাফল প্রকাশের আগে

প্রি-রেজিস্ট্রেশন করতে হবে। প্রি-রেজিস্ট্রেশনের পদ্ধতি হলো

Dakhil<>Board Name [First 3 Latter]

<>Roll<>Year টাইপ করে 16222 নম্বরে পাঠাতে হবে।

যু



সাইফের ১৫ হাজার কোটি টাকার সম্পত্তির কী হবে?

যে রায় দিলেন হাইকোর্ট

গত ১০ জুলাই প্রকাশিত ফলাফলে দেখা যায়, এসএসসি ও

সমমানের পরীক্ষায় সারা দেশে পাসের হার ৬৮ দশমিক ৪৫

শতাংশ। মোট জিপিএ-৫ পেয়েছে এক লাখ ৩৯ হাজার ৩২ জন।

এবার এসএসসিতে পাসের হার ৬৮ দশমিক ০৪ শতাংশ।

জিপিএ-৫ পেয়েছে এক লাখ ২৫ হাজার ১৮ জন।

দাখিলে পাসের হার ৬৮ দশমিক ০৯ শতাংশ। মোট জিপিএ-৫

পেয়েছে ৯ হাজার ৬৬ জন। কারিগরিতে পাসের হার ৭৩ দশমিক

৬৩ শতাংশ।

জিপিএ-৫ পেয়েছে চার হাজার ৯৪৮ জন শিক্ষার্থী।